দৈনিক সংবাদ

তারিখ ... 12 SEP 1989 ...
পৃষ্ঠা ... ২ ... কলাম ... ৬ ...

39

# ক্যাম্পাসকে সন্ত্রাসমুক্ত ও হল থেকে অস্ত্র উদ্ধারের দাবী

(নিজস্ব বার্তা পরিবেশক)

চট্টগ্রাম, ১১ই সেপ্টেম্বর।-- চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় ছাত্র সংগ্রাম পরিষদ অবিলম্বে বিশ্ববিদ্যালয়কে সন্ত্রাসমুক্ত ও হল থেকে অস্ত্র উদ্ধারের দাবী জানিয়েছে। আজ সকালে শফিউল বাশারের সভাপতিত্বে অনুষ্ঠিত পরিষদের সভায় শিক্ষা পরিবেশ পরিষদ গঠন কার্যকর করা এবং নীতিমালা অনুযায়ী ব্যবস্থা গ্রহণের দাবী জানানো হয়।

(শেষ পৃ: ২-এর ক: দ্র:)

## অস্ত্র উদ্ধারের দাবী

(১ম পাতার পর)

ইসলামী ছাত্রসেনা ক্যাম্পাসকে অস্ত্র ও সন্ত্রাসমুক্ত করার দাবী জানিয়ে উপাচার্যের কাছে একটি স্মারকলিপি পেশ করেছে।

অপর দিকে ইসলামী ছাত্র শিবির পরিবেশ পরিষদ গঠন বাতিল করার দাবীতে আজও ক্যাম্পাসে মিছিল বের করে।